

জেএসসি পরীক্ষায় বিষয় ও নম্বর কমানোর প্রস্তাব

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

আগামী জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা থেকে নম্বর ও বিষয় কমছে। শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানদের সংগঠন আন্তর্জাতিক বোর্ড সময় সাব-কমিটি সাতটি বিষয়ে মোট ৬৫০ নম্বরের পরীক্ষা নেওয়ার প্রস্তাব করেছে। বর্তমানে চতুর্থ বিষয়সহ ১০টি বিষয়ে মোট ৮৫০ নম্বরের পরীক্ষা হয়।

গতকাল মঙ্গলবার আন্তর্জাতিক বোর্ড সময় সাব-কমিটির সভায় এ প্রস্তাব করা হয় বলে প্রথম আলোকে জানিয়েছেন ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক। তিনি বলেন, প্রস্তাবটি শিক্ষা মন্ত্রণালয়ে যাবে। মন্ত্রণালয় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) সঙ্গে আলোচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।

একজন উর্ধ্বতন কর্মকর্তা বলেন, গতকাল বিকেলেই প্রস্তাবটি মন্ত্রণালয়ে যাওয়ার কথা।

আন্তর্জাতিক বোর্ড সময় সাব-কমিটির প্রস্তাব অনুযায়ী, জেএসসিতে বাংলা প্রথম ও দ্বিতীয় পত্র মিলে ১০০ নম্বরের একটি পরীক্ষা হবে। ইংরেজিতে দুই পত্র মিলে ১০০ নম্বরের পরীক্ষা হবে। এখন দুই পত্রে মোট নম্বর ১৫০। পরীক্ষা হয় দুটি।

প্রস্তাব অনুযায়ী, চতুর্থ বিষয়ের পরীক্ষা শিক্ষাপ্রতিষ্ঠানেই ধারাবাহিকভাবে মূল্যায়ন করা হবে। তবে গণিত, ধর্ম, বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ের পরীক্ষা আগের মতো আগের নম্বরে অনুষ্ঠিত হবে। এর মধ্যে আইসিটিতে নম্বর ৫০ ও বাকিগুলোর একেকটির নম্বর ১০০ করে। শিক্ষা মন্ত্রণালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা এর আগে ইঙ্গিত দিয়েছিলেন, জেএসসিতে নম্বর ও বিষয় কমছে।

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
প্রতি নং.....	
তারিখ.....	
চীফ, পরিসংখ্যান বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম ম্যানেজার	
সিনিয়র সিস্টেম এনালিস্ট	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/স্বাক্ষর	
স্বাক্ষর	